

শিক্ষা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৮টি কোর্সে সান্ধ্য মাস্টার্স

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২১ এপ্রিল ২০২৫, ১৮: ১৮



রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয় সান্ধ্য মাস্টার্স (EMSS) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি নেবে। ৮টি বিষয়ে দুই বছর/এক বছর মেয়াদী **সান্ধ্য মাস্টার্স** প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়া শুরু হচ্ছে। সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, ইনফরমেশন সায়েন্স অ্যান্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট, লোক প্রশাসন এবং ফোকলোর বিভাগে জুলাই-২০২৫ ব্যাচে (সংশ্লিষ্ট বিষয়ে সম্মান ডিগ্রি অর্জনকারী প্রার্থীদের জন্য প্রযোজ্য) সান্ধ্য মাস্টার্সে শিক্ষার্থী ভর্তি নেবে।

ভর্তির প্রাথমিক আবেদনপত্র নিজ নিজ বিভাগে ৩০/৬/২০২৫ পর্যন্ত জমা দেওয়া যাবে। ভর্তি ১/৭/২০২৫ থেকে
১৬/৭/২০২৫ পর্যন্ত। ভর্তি পরীক্ষা, ক্লাস শুরুসহ ইত্যাদি বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট বিভাগে শিক্ষার্থীদের
যোগাযোগ করতে হবে। এ ছাড়াও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের [ওয়েব সাইটে](#) বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

